গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.০৫১.৬৮.০৩৫.১১- তারিখ : ১৮.০১.২০২১খ্রি:।

বিষয়ঃ **সরকারি ব্যয়ে ভিজিডি খাতে পুষ্টিচাল বিতরণ কার্যক্রমের আওতায় চুক্তিবদ্ধ মিশ্রণ মিলারদের সাথে সম্পাদিত চুক্তির মেয়াদ বৃদ্ধি।**

সূত্রঃ খাদ্য অধিদপ্তরে ১০.০১.২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি ব্যয়ে খাদ্যবান্ধব ও ভিজিডি কর্মসূচিতে পুষ্টিচাল বিতরণের জন্য নির্বাচিত মিশ্রণ মিলসমূহের সাথে স্বাক্ষরিত চুক্তির মেয়াদ ইতোমধ্যে শেষ হয়েছে। ২০২১ সালে খাদ্যবান্ধব ও ভিজিডি খাতে পুষ্টিচাল বিতরণের জন্য দরপত্রের মাধ্যমে মিশ্রণ মিলার নির্বাচন করা হবে। চলমান দরপত্র আহ্বান প্রক্রিয়া সমাপ্ত না হওয়ায় এবং ডিসেম্বর, ২০২০ মাসে সংশ্লিষ্ট মিলারদের সাথে চুক্তির মেয়াদ শেষ হয়ে যাওয়ায় জানুয়ারি-ফেব্রুয়ারি,২০২১ মাসে পুষ্টিচাল সরবরাহ নির্বিঘ্ন রাখতে ভিজিডি খাতে পুষ্টিচাল বিতরণের নিমিত্ত চুক্তিবদ্ধ মিলারগণের চুক্তির মেয়াদ ফেব্রুয়ারি, ২০২১ পর্যন্ত বাড়ানোর বিষয়ে গত ১০.০১.২০২১ খ্রি. তারিখে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে খাদ্য অধিদপ্তরে অনুষ্ঠিত সভায় সিদ্ধান্ত গৃহীত হয় (সভার কার্যবিবরণী সংযুক্ত)।

এমতাবস্থায়, জানুয়ারি-ফেব্রুয়ারি,২০২১ মাসে ভিজিডি খাতে পুষ্টিচাল বিতরণের নিমিত্ত সংশ্লিষ্ট খাতে চুক্তিবদ্ধ মিলারগণের চুক্তির মেয়াদ আগামী ২৮ ফেব্রুয়ারি,২০২১ পর্যন্ত বৃদ্ধি করত পুষ্টিচাল বিতরণ নির্বিঘ্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট জেলার জেলা খাদ্য নিয়ন্ত্রকগণকে অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক, খাদ্য এর অনুমোদন রয়েছে।

সংযুক্তঃ ০৩ পাতা।

স্বাঃ/-
(মো: আমজাদ হোসেন)
পরিচালক
সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ

বিতরণ :
জেলা খাদ্য নিয়ন্ত্রক, ..........................(সকল)।

স্মারক নং- ১৩.০১.০০০০.০৫১.৬৮.০৩৫.১১-২৭/৫৪(৭২) তারিখ : ১৮.০১.২০২১খ্রি:।

অনুলিপি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৫। জনাব শারমিন শাহীন, উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৬। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ...............................................................(সকল)।
৭। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিধপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েব-সাইটে প্রকাশের জন্য।
৮। ডা: মাহবুবুর রহমান, প্রোগ্রাম পলিসি অফিসার, বিশ্ব খাদ্য কর্মসূচি।
৯। জনাব গুলজার আহমেদ, প্রোগ্রাম অফিসার (ফর্টিফিকেশন), নিউট্রিশন ইন্টারন্যাশনাল।

১৮।১।২০২১
উপ-পরিচালক
সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২৮/০১/২১

২৯২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

# সরকারি ব্যয়ে ভিজিডি ও খাদ্যবান্ধব কর্মসূচিতে পুষ্টিচাল বিতরণ কার্যক্রমের বিষয়ে ১০/০১/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতিঃ শেখ মুজিবর রহমান, মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

সভার স্থানঃ খাদ্য অধিদপ্তরের সভাকক্ষ।

সভার তারিখঃ ১০/০১/২০২১ খ্রি., সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা।

(উপস্থিতির তালিকা পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)

শুরুতেই সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পুষ্টিচালের কার্যক্রমের পটভূমিকা ও এ যাবৎ গৃহীত কার্যক্রমের বিষয়ে বিশ্ব খাদ্য কর্মসূচির প্রোগ্রাম পলিসি অফিসার জনাব মোহাম্মদ মাহবুবুর রহমান বিস্তারিত আলোচনা করেন। আলোচনাকালে তিনি বলেন সাধারণ চালের সাথে ৬ টি পুষ্টি উপাদান (Vitamin A, Vitamin B1, Vitamin B12, Vitamin B9 (Folic acid), Iron এবং Zinc সমৃদ্ধ দানাদার চাল বা কার্নেল (Kernel) উৎপাদন করা হয়। পরে সাধারণ চালের সাথে ১০০:১ অনুপাতে কার্নেল মিশ্রণ করে পুষ্টি সমৃদ্ধ চাল (Fortified Rice) প্রস্তুত করা হয়। তিনি জানান দেশের দরিদ্র জনগোষ্ঠির পুষ্টি চাহিদা পূরণে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় বিশ্ব খাদ্য কর্মসূচির সহায়তায় ২০১৪ সালের প্রথমার্ধ থেকে দু:স্থ জনগোষ্ঠী উন্নয়ন (ভিজিডি) কর্মসূচিতে তিনটি জেলার (সাতক্ষীরা, খুলনা ও গোপালগঞ্জ) ৫টি উপজেলায় (কালিগঞ্জ, টুংগিপাড়া, দাকোপ, শরণখোলা ও শ্যামনগর) উপকারভোগীদের মধ্যে পুষ্টিচাল বিতরণের কাজ ধাপে ধাপে প্রচলন করা হয়। ২০১৭-১৮ অর্থবছরে খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর ও ফুলবাড়ী উপজেলায় পাইলট প্রকল্প হিসেবে পুষ্টিচাল বিতরণ কার্যক্রম শুরু করা হয়। পরবর্তীতে দেশের ১০টি উপজেলায় খাদ্যবান্ধব কর্মসূচিতে পুষ্টিচাল বিতরণ কার্যক্রম সম্প্রসারণ করা হয়। বর্তমানে ভিজিডি কর্মসূচিতে দেশের ১০০ টি উপজেলায় এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে খাদ্যবান্ধব কর্মসূচিতে ১০০টি উপজেলায় পুষ্টিচাল বিতরণ করা হচ্ছে। স্বাধীনতার ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে খাদ্যবান্ধব কর্মসূচিতে আরও ৫০টি উপজেলায় এবং ভিজিডি কর্মসূচিতে আরও ৭০টি উপজেলায় পুষ্টিচাল বিতরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

অতঃপর জনাব মো: আবদুল আজিজ মোল্লা, অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি সভায় পেশ করার জন্য জনাব মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা, উপ-পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগকে আহবান জানান। উপ-পরিচালক, সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ নিম্নোক্ত বিষয়গুলো সভায় পেশ করেন যা সভায় বিস্তারিতভাবে আলোচনা করা হয়।

**ক) ভ্যালিডেশনকৃত মিশ্রণ মিলসমূহ অনুমোদনঃ**

উপ-পরিচালক, সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ সভায় জানান যে, পূর্ব থেকে ৬৫ টি অনুমোদিত মিশ্রণ মিলের মাধ্যমে মিশ্রণ কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। পরবর্তীতে বিগত ২২.১২.২০২০ খ্রি. তারিখে বিশ্ব খাদ্য কর্মসূচি (WFP), নিউট্রেশন ইন্টারন্যাশনাল (NI) এবং মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রতিনিধির স্বাক্ষরিত ৩১ টি নতুন মিলের তালিকা পাওয়া যায়। উক্ত তালিকায় অন্তর্ভূক্ত নতুন ৩১ টি মিলের সংশ্লিষ্ট রেকর্ড পত্রাদি যাচাই বাছাই করে দেখা যায় যে মিলসমূহ ভ্যালিডেশনকালে সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক/জেলা খাদ্য নিয়ন্ত্রকের বৈধ প্রতিনিধি উপস্থিত ছিলেন। এছাড়া ভিজিডি এবং খাদ্যবান্ধব খাতে পুষ্টিচাল বিতরণ কার্যক্রম সফলভাবে সম্পন্ন করার জন্য উক্ত নতুনভাবে অন্তর্ভূক্ত ৩১ টি মিলেরও প্রয়োজনীয়তা রয়েছে। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনাক্রমে নতুন ৩১ টি মিশ্রণমিলসহ মোট ৯৬ টি মিশ্রণমিল অনুমোদনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**খ) দূরত্ব বিষয়ক প্রত্যয়নপত্র প্রদানের নিমিত্ত ৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠনঃ**

উপ-পরিচালক, সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ তাঁর বক্তব্যে বলেন যে, পুষ্টিচাল পরিবহণের জন্য মিশ্রণ মিল নির্বাচন কার্যাদি সম্পাদনের লক্ষ্যে দরপত্র আহবান প্রক্রিয়া চলমান। আহূতব্য দরপত্রে দরদাতাগণ মিশ্রণ মিল হতে পুষ্টিচাল পরিবহণের জন্য দূরত্ব অনুযায়ী দর প্রদান করবেন। সে কারণে মিশ্রণ মিল হতে ইউনিয়ন পরিষদ ও ডিলার পয়েন্ট এর দূরত্ব সম্পর্কিত তথ্য দরদাতাদের প্রয়োজন হবে। এ বিষয়ে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED) এবং সড়ক ও জনপথ অধিদপ্তর (RHD) এর জেলা পর্যায়ের নির্বাহী প্রকৌশলীগণকে প্রাক্তন মহাপরিচালক মহোদয় পত্র দিয়ে দূরত্বের তথ্য বিষয়ে মিলারগণকে সহায়তা করার অনুরোধ করলেও কাঙ্ক্ষিত সাড়া পাওয়া যায়নি। এ বিষয়ে জনাব মোহাম্মদ মাহবুবুর রহমান জানান যে, চলমান টেন্ডার প্রক্রিয়ায় মিশ্রণ মিল হতে ইউনিয়ন পরিষদ ও ডিলার পয়েন্ট এর দূরত্ব নির্ণয়ের ক্ষেত্রে হাওড় ও নদী বিধৌত ইউনিয়ন চিহ্নিতকরণের নিমিত্ত ৩ সদস্যের কমিটি রয়েছে। উক্ত কমিটিই মিশ্রণমিল হতে ইউনিয়ন পরিষদ ও ডিলার কেন্দ্রের দূরত্ব বিষয়ক প্রত্যয়নপত্র দিতে পারে মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন।

এ বিষয়ে সভাপতি জানান যে, খাদ্য অধিদপ্তরের কর্মকর্তারাই মটরসাইকেলের মাধ্যমে দূরত্ব নির্ণয় করে উক্ত প্রত্যয়নপত্র দিতে পারেন এবং দূরত্ব নির্ণয়ের ক্ষেত্রে তাঁরা অবশ্যই স্বল্প দূরত্বের রাস্তা ও স্বল্প খরচের দূরত্বকে প্রাধান্য দিবেন। এ সময় অতিরিক্ত মহাপরিচালক বলেন যে, যেহেতু ভিজিডি কর্মসূচি মহিলা বিষয়ক অধিদপ্তর পরিচালনা করে থাকে সেহেতু উক্ত কমিটিতে সংশ্লিষ্ট জেলার মহিলা বিষয়ক কর্মকর্তাও থাকতে পারেন। বিস্তারিত আলোচনাকালে দূরত্ব বিষয়ক প্রত্যয়নপত্র প্রদানের নিমিত্ত জেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অন্তর্ভূক্ত করে ৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠনের জন্য সভা একমত হয়।

**গ) চুক্তি এবং দরপত্রের সময়কাল বৃদ্ধিঃ**

জনাব মোহাম্মদ মাহবুবুর রহমান সভাকে জানান যে, ২০২০ সালে পুষ্টিচাল মিশ্রণের জন্য চুক্তিবদ্ধ মিশ্রণ মিলারের চুক্তির মেয়াদ ডিসেম্বর, ২০২০ এ শেষ হয়ে গিয়েছে। এক্ষেত্রে জানুয়ারি-ফেব্রুয়ারি মাসে পুষ্টিচাল বিতরণ কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে মিশ্রণ মিলারদের চুক্তির মেয়াদ জানুয়ারি-ফেব্রুয়ারি, ২০২১ পর্যন্ত বৃদ্ধি করা যায় কিনা তিনি তা বিবেচনার জন্য সভাকে অনুরোধ করেন। এছাড়া তিনি খাদ্যবান্ধব ও ভিজিডি কর্মসূচিতে নির্বাচিত মিশ্রণমিল সমূহের মিশ্রণমিল হতে ডিলার পয়েন্ট ও ইউনিয়ন পর্যন্ত পরিবহন ব্যয় নির্ধারণের বিষয়ে দরপত্র মার্চ,২০২১ হতে ৩০ জুন ২০২২ মেয়াদের জন্য হওয়া যুক্তিযুক্ত বলে মতামত দেন। বিষয়টি আলোচনা ও পর্যালোচনাকালে জানুয়ারি-ফেব্রুয়ারি, ২০২১ মাসে পুষ্টি চালের সরবরাহ নির্বিঘ্ন রাখতে ডিসেম্বর ২০২০ এ শেষ হয়ে যাওয়া চুক্তির মেয়াদ ফেব্রুয়ারি, ২০২১ পর্যন্ত বাড়ানো এবং পরিবহন ব্যয় নির্ধারণের বিষয়ে দরপত্রের সময়কাল মার্চ,২০২১ হতে ৩০ জুন ২০২২ পর্যন্ত বর্ধিত করার ব্যাপারে সভা একমত হয়।

**(ঘ) খাদ্য অধিদপ্তরের সাথে বিশ্ব খাদ্য কর্মসূচি (WFP) এর কার্যক্রমের সমন্বয়ঃ**

উপপরিচালক, সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ সভাকে জানান যে, মিশ্রণ মিল ভেলিডেশন কার্যক্রমে যে কমিটি থাকে খাদ্য অধিদপ্তরের সাথে তাঁদের সমন্বয়হীনতা লক্ষ্য করা যাচ্ছে। এ বিষয়ে অতিরিক্ত মহাপরিচালক মিশ্রণ মিল ভেলিডেশন কমিটি ও খাদ্য অধিদপ্তরের মাঝে সমন্বয় জরুরি মর্মে উল্লেখ করেন। তিনি নতুন মিল ভেলিডেশনকালে সংশ্লিষ্ট জেলার জেলা খাদ্য নিয়ন্ত্রক খাদ্য অধিদপ্তরের প্রতিনিধিত্ব করতে পারেন মর্মে অভিমত ব্যক্ত করেন। বিষয়টি বিস্তারিতভাবে আলোচনাকালে নতুন কোন মিশ্রণ মিল ভেলিডেশনের সময় সংশ্লিষ্ট জেলার জেলা খাদ্য নিয়ন্ত্রককে খাদ্য অধিদপ্তরের প্রতিনিধিত্ব করার বিষয়ে সভা একমত হয়।

**(ঙ) নতুন মিশ্রণমিল ভ্যালিডেশনঃ**

জনাব মোহাম্মদ মাহবুবুর রহমান সভাকে জানান ভিজিডি কর্মসূচিতে নতুন ৭০ টি উপজেলা যুক্ত হওয়ায়, ৫-৬ জেলাতে আরও ১ টি করে মিশ্রণ মিল প্রয়োজন হবে। ৪ সদস্য বিশিষ্ট মিশ্রণমিল ভ্যালিডেশন কমিটি অতি দ্রুত এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে আশ্বাস দেন। উপ-পরিচালক, সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ বলেন যে, উক্ত ভ্যালিডেশন কার্যক্রম যথাসময়ে সম্পন্ন হওয়া বাঞ্ছনীয়। জনাব মোহাম্মদ মাহবুবুর রহমান সভাকে আরও জানান যে, বিশ্ব খাদ্য কর্মসূচির অর্থায়নে এ বছর পার্বত্য অঞ্চলের ১৪টি উপজেলায় ভিজিডি ও খাদ্যবান্ধব কর্মসূচিতে পুষ্টিচাল বিতরণ, ৬ টি উপজেলায় সাশ্রয়ী মূল্যে পুষ্টিচাল বিতরণ এবং ওএমএস কার্যক্রমে ৩-৪ টি সিটি কর্পোরেশনে পুষ্টিচাল বিতরণের জন্য আরও ৭-৮ টি মিল অনুমোদন দেয়ার প্রয়োজন হতে পারে। বিষয়গুলো বিস্তারিত আলোচনা ও পর্যালোচনাক্রমে ৫-৬ টি জেলাতে প্রয়োজন হলে একটি করে মিশ্রণমিল স্থাপনের অনুমতি প্রদানে সভা একমত হয়।

২৭০

উপর্যুক্ত বিষয়গুলো সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনাক্রমে সর্বসম্মতভাবে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

(১) নতুন ৩১ টি সহ মোট ৯৬টি ভেলিডেশনকৃত মিশ্রণমিলের অনুমোদন প্রদান করা হলো;

(২) এলএসডি হতে মিশ্রণ মিল এবং মিশ্রণ মিল হতে ইউনিয়ন/ডিলার কেন্দ্রের দূরত্ব বিষয়ক প্রত্যয়নপত্র প্রদানের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলোঃ

(ক) সংশ্লিষ্ট জেলার জেলা খাদ্য নিয়ন্ত্রক -সভাপতি
(খ) সংশ্লিষ্ট জেলার মহিলা বিষয়ক কর্মকর্তা -সদস্য
(গ)সংশ্লিষ্ট জেলার দায়িত্বপ্রাপ্ত আঞ্চলিক রক্ষণাবেক্ষণ কর্মকর্তা (RMO -সদস্য
(ঘ)সংশ্লিষ্ট উপজেলার উপজেলা খাদ্য নিয়ন্ত্রক -সদস্য সচিব।

উল্লেখ্য যে, দূরত্ব নির্ণয়ের ক্ষেত্রে অবশ্যই স্বল্পদূরত্বের রাস্তা ও স্বল্পখরচের দূরত্বকেই প্রাধান্য দিতে হবে;

(৩) খাদ্যবান্ধব ও ভিজিডি কর্মসূচিতে নির্বাচিত মিশ্রণমিলসমূহের মিশ্রণমিল হতে ডিলার পয়েন্ট ও ইউনিয়ন পরিষদ কার্যালয় পর্যন্ত পরিবহন ব্যয় নির্ধারণের বিষয়ে দরপত্র মার্চ,২০২১ হতে ৩০ জুন ২০২২ মেয়াদের জন্য আহবান করতে হবে;

(৪) চলমান দরপত্র প্রক্রিয়া সময় সাপেক্ষ হওয়ায় এবং ডিসেম্বর, ২০২০ এর মধ্যে সংশ্লিষ্ট মিশ্রণ মিলারদের সাথে চুক্তির মেয়াদ শেষ হয়ে যাওয়ায় জানুয়ারি-ফেব্রুয়ারি, ২০২১ মাসে পুষ্টিচালের সরবরাহ নির্বিঘ্ন রাখতে ডিসেম্বর, ২০২০ এ শেষ হয়ে যাওয়া চুক্তির মেয়াদ ফেব্রুয়ারি, ২০২১ পর্যন্ত বাড়ানো হবে;

(৫) ভবিষ্যতে নতুন কোন মিশ্রণ মিল ভেলিডেশনের সময় সংশ্লিষ্ট জেলার জেলা খাদ্য নিয়ন্ত্রক খাদ্য অধিদপ্তরের প্রতিনিধিত্ব করবেন;

(৬) ভিজিডি কর্মসূচিতে নতুন ৭০ টি উপজেলা যুক্ত হওয়ায়, ৫-৬ জেলাতে প্রচলিত বিধি মোতাবেক আরও ১ টি করে মিশ্রণ মিল স্থাপন ও ভ্যালিডেশন করা যাবে।

অতঃপর সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(শেখ মুজিবর রহমান) ১৩/০১/২০২১
মহাপরিচালক

স্মারক নং- ১৩.০১.০০০০.০৫২.৩০.০৪৩.১৯ , ১৮(২০)

তারিখ : .....০১.২০২১ খ্রি:।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৫। জনাব মো: আতাউর রহমান, সিনিয়র কনসালট্যান্ট, বিশ্ব খাদ্য কর্মসূচি।
৬। জনাব শারমিন শাহীন, উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৭। জনাব আফিফ আল-মাহমুদ ভূঁঞা, উপ-পরিচালক, সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর।
৮। জনাব সৈয়দা কুদসিয়া নাহরীন, সহকারী পরিচালক (ভিজিডি), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৯। ডা: মাহবুবুর রহমান, প্রোগ্রাম পলিসি অফিসার, বিশ্ব খাদ্য কর্মসূচি।
১০। জনাব গুলজার আহমেদ, প্রোগ্রাম অফিসার (ফর্টিফিকেশন), নিউট্রিশন ইন্টারন্যাশনাল।

২৮/০১/২০২১
(মো: আমজাদ হোসেন)
পরিচালক
সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ